

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
সেখানেই যাকারিয়া তাঁর পালনকর্তার নিকট
প্রার্থনা করলেন। বললেন, হে, আমার
পালনকর্তা! তোমার নিকট থেকে আমাকে
পুত্র-পরিব্র সন্তান দান কর-নিশ্চয়ই তুমি
প্রার্থনা শ্রবণকারী
সূরা আল ইমরান ৩৮

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানবের সিমেন্ট
শ্রদ্ধাঙ্গণ সিমেন্ট
ইস্রাইলের মজবুত সিমেন্ট
সেবা : ০২৯১০০৬৬৬৬৬, ০২৯১১০২৭০৪

বরিশাল ২ শনিবার ১১ মে ২০২৬ ২০ জিলকুদ ১৪৪৭ ২৬ বৈশাখ ১৪৩৩ ৯ম বর্ষ ৩৪৬ সংখ্যা ৪ পৃষ্ঠা ৫ টাকা

বিরোধীদল সরকারের সমালোচনা করবে, তবে হতে হবে গঠনমূলক
কীর্তনখোলা ডেস্ক
বিরোধীদল সরকারের সমালোচনা করবে, তবে তা গঠনমূলক হতে হবে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক ২ এর পাতায় দেখুন

নোট-গাইড নয়, চলবে শুধু সৃজনশীল সহায়ক বই : শিক্ষামন্ত্রী
কীর্তনখোলা ডেস্ক
শিক্ষা ব্যবস্থায় সহায়ক বই সারা বিশ্বে প্রচলিত, বাংলাদেশেও এটা চলতে বাধা নেই বলে উল্লেখ করেছেন শিক্ষামন্ত্রী ড. আনাম ২ এর পাতায় দেখুন

শাপলা চতুরে ২ লাখ গোলাবারুদ ব্যবহার করা হয়েছিল
কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, শাপলা চতুরে নৃশংসভাবে ২ এর পাতায় দেখুন

নতুন পে স্কেলে দ্বিগুণ হচ্ছে যাদের পেনশন
কীর্তনখোলা ডেস্ক
জাতীয় বেতন কমিশনের সুপারিশ অনুযায়ী নতুন বেতন কাঠামো কার্যকর হলে কিছু পেনশনভোগীর মাসিক পেনশন ২ এর পাতায় দেখুন

বরিশালে দাপট দেখাচ্ছে কার্যক্রম নিষিদ্ধ আ.লীগ

বিশেষ প্রতিবেদক
বরিশালে দাপট দেখাচ্ছে কার্যক্রম নিষিদ্ধ আ.লীগ। বরিশালে থেমে নেই আওয়ামী লীগের রাজনৈতিক তৎপরতা। গত দুই মাস ধরে নগরী ও বিভিন্ন উপজেলায় দলটির নেতাকর্মীরা নিয়মিত মিছিল-সমাবেশ ও বিক্ষোভ কর্মসূচি পালন করছেন। এমনকি নিষিদ্ধের সিদ্ধান্তের প্রতিবাদেও প্রকাশ্যে সড়কে নেমে বিক্ষোভ করতে দেখা গেছে তাদের। দিনের আলোয় ব্যস্ত সড়কে কর্মসূচি পালনের ঘটনায় জনমনে প্রশ্ন উঠেছে আইনশৃঙ্খলা বাহিনীর ভূমিকা নিয়ে। মিছিলের খবর ছড়িয়ে পড়ার পর পুলিশ অভিযান চালিয়ে কিছু মোকজমকে গ্রেফতার করলেও সক্রিয় জেলা আওয়ামী লীগের সভাপতি সাবেক চিফ ছইপ নেতাকর্মীদের অধিকাংশই থেকে যাচ্ছেন ধরাছোয়ার বাইরে। ফলে একদিকে যেমন চলছে পুলিশের অভিযান, অন্যদিকে সমানভাবে অব্যাহত রয়েছে আওয়ামী লীগের কর্মসূচি। ২০২৪ সালের ৫ আগস্টের পর বরিশালে আওয়ামী লীগ প্রথম প্রকাশ্য কর্মসূচি পালন করে গত ১৭ ফেব্রুয়ারি। ওইদিন সকালে নগরীর সদর রোডে বিবির পুকুর পাড়ে থাকা দলীয় কার্যালয়ের সামনে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগমনের প্রত্যাশা সংবলিত ব্যানার টানানো হয়। নিষিদ্ধ ছাত্রলীগের জেলা কমিটির সাংগঠনিক সম্পাদক রাজীব হোসেন খানের পক্ষ থেকে টানানো ওই ব্যানারে শেখ হাসিনার পাশাপাশি ছিল জেলা আওয়ামী লীগের সভাপতি সাবেক চিফ ছইপ আবুল হাসানাত ২ এর পাতায় দেখুন



লক্ষ্য অর্জনের পথে টিকাদান কর্মসূচি বরিশালে থামছে না হাম উপসর্গে আক্রান্ত ও মৃত্যুর মিছিল

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে প্রতিবেদক টিকাদান কার্যক্রম গ্রায় শেষ পর্যায় পৌছার মধ্যে হামের প্রকোপ এখন কিছুটা স্থিতিশীল বলে মনে করছেন বিশেষজ্ঞ চিকিৎসকগণ। স্বাস্থ্য বিভাগ থেকে পরিস্থিতি নিয়ন্ত্রণে বলে দাবি করা হলেও ইতোমধ্যে হাম সন্দেহে ২৬ শিশুর মৃত্যুর পাশাপাশি হাজার। পরিস্থিতি কিছুটা স্থিতিশীল বলা হলেও উত্তির লক্ষণ খুব সুস্পষ্ট নয়। এপ্রিল মাসেই শিশু ও গুরুতর রোগের হাসপাতালে এসেছে। এমনকি ২ এর পাতায় দেখুন



সৌদি পৌছেছেন সাড়ে ৪৮ হাজার হজযাত্রী

কীর্তনখোলা ডেস্ক
পরিব্র হজ পালনের উদ্দেশ্যে বাংলাদেশ থেকে এখন পর্যন্ত ১৪৪টি হজ ফ্লাইটে মোট ৪৮ হাজার ৬০৫ জন হজযাত্রী সৌদি আরবে পৌছেছেন। শুক্রবার (৮ মে) হজ সম্পর্কিত আইটি স্ট্রেন্ডেভের প্রতিদিনের বুটেনটিন থেকে ২ এর পাতায় দেখুন

স্কুল ছাত্রীকে 'তুলে নিয়ে বিয়ে' গোপালগঞ্জ থেকে উদ্ধার

গৌরনদী প্রতিনিধি
বরিশালের গৌরনদীর পঞ্চম শ্রেণির ছাত্রীকে তুলে নিয়ে নির্মাতা ও বিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে প্রতিবেশীর বিরুদ্ধে। বৃহস্পতিবার (৭ মে) গোপালগঞ্জ থেকে ১০ বছরের শিশুটিকে উদ্ধার করেছে পুলিশ। পারিবারিক সূত্রে জানা যায়, উপজেলার খাজাপুর ইউনিয়নের বাড়ি থেকে শিশুটি নিখোঁজ হয় গত ২৬ এপ্রিল রাত্রে। পরদিন থানায় জরিফ করেন তার দিনমজুর বাবা। গত বুধবার (৬ মে) মেয়েটি 'কৌশল' বাক্যে ফোন করে তার অবস্থান গোপালগঞ্জের মুকসুদপুর বলে জানায়। প্রতিবেশী কমল বাড়ির মেয়ে মেঘা বাড়ি তাকে সেখানে নিয়ে আত্মীয়ের সঙ্গে বিয়ে দেন বলে ২ এর পাতায় দেখুন

হাম ও হাম সন্দেহজনক ৭ জনের মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক
দেশে হাম ও সন্দেহজনক হাম সন্দেহে আরও সাতজনের মৃত্যু হয়েছে। তাদের মধ্যে একজন নিশ্চিত হামে মারা গেছেন। বাকিদের মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে। শুক্রবার (৮ মে) বিরুদ্ধে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কয়েদার রুম থেকে প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। বৃহস্পতিবার (৭ মে) সকাল ৮টা থেকে শুক্রবার সকাল ৮টা পর্যন্ত দেশের হাম-সংক্রান্ত পরিস্থিতি নিয়ে প্রতিবেদনটি তৈরি করা হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে ৫৮ জনের প্রাণ গেছে। একই সময়ে সন্দেহজনক হামে প্রাণহানির সংখ্যা ২৮৫। এছাড়া, ১৫ মার্চের পর থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন ছয় হাজার ২ এর পাতায় দেখুন

মাদকপাচার রোধে বাংলাদেশ-পাকিস্তানের অঙ্গীকার

কীর্তনখোলা ডেস্ক
মাদকদ্রব্য ও সাইকোট্রপিক উপাদানের অবৈধ পাচার এবং অপব্যবহার রোধে বাংলাদেশ ও পাকিস্তান সরকারের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। শুক্রবার (৮ মে) রাজধানীর একটি হোটেলে আয়োজিত অনুষ্ঠানে বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সাল্লাহউদ্দিন আহমদ এবং পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী সৈয়দ মহসিন রাজা নাকভি নিজ নিজ দেশের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। সমঝোতা স্মারকের আওতায় দুই দেশ মাদকপাচার ও মাদক সংশ্লিষ্ট অর্থাপচার (মালিভারিং) প্রতিরোধে পারস্পরিক তথ্য আদান-প্রদান, কারিগরি সহায়তা এবং যৌথ কার্যক্রম পরিচালনায় সহযোগিতা করবে। পাশাপাশি মাদক অপরাধে ২ এর পাতায় দেখুন

বঙ্গোপসাগরে আন্তঃমহাদেশীয় ব্যালিস্টিক মিসাইলের পরীক্ষা চালাতে পারে ভারত

কীর্তনখোলা ডেস্ক
বঙ্গোপসাগরে নিজেদের আন্তঃমহাদেশীয় ব্যালিস্টিক মিসাইল অগ্নি-৬ এর পরীক্ষা চালাতে পারে ভারত। দেশটি ৬ থেকে ৯ মে পর্যন্ত বঙ্গোপসাগরের আকাশসীমায় বিহিনিষেধে আরোপ করেছে। এ বিষয়ে তারা 'নোটিশ টু এয়ারম্যান (নোটিশ)' জারি করেছে বলে গতকাল বৃহস্পতিবার এক প্রতিবেদনে জানায় সংবাদমাধ্যম ইকোনোমিক টাইমস। বিহিনিষেধটি গুড্ডিশার আদ্রুল কালাম দ্বীপ থেকে ২ হাজার ৫০০ কিলোমিটার অঞ্চলজুড়ে প্রযোজ্য হবে। এই দ্বীপ থেকে গুরুত্বপূর্ণ মিসাইলের পরীক্ষা চালানো হয়। আর এমন অপরাধে ২ এর পাতায় দেখুন

কলাপাড়ায় সাইনবোর্ড লাগিয়ে প্রবাসীর জমি দখলের অভিযোগ

কলাপাড়া প্রতিনিধি
কলাপাড়ায় সাইনবোর্ড লাগিয়ে এক প্রবাসীর জমি দখলের অভিযোগ উঠেছে। উপজেলার ধূলাসার ইউনিয়নের বৌলতলী গ্রামের আমিরিকান প্রবাসী সরোয়ার খলিফা'র ক্রমকৃত জমি নিয়ে এ ঘটনাটি ঘটেছে। দীর্ঘ বছর ধরে তার নিরোজিত বর্গা চাষী আদ্রুল খলিফা হাওলাদার ওই জমি চাষাবাদ করতো। হঠাৎ শ্রানীয় একটি স্বার্থাধেশী মহল দলীয় ক্ষমতার প্রদর্শন দেখিয়ে জমি দখলে নেয়ার জন্য বায়না সুরে মালিকানার সাইবোর্ড লাগিয়েছেন। স্থানীয় বেলাল হাওলাদার, তেফাজ্জেল খলিফা ও মনির হাওলাদারসহ মোট ৮ জনের একটি কুচক্র মহল এধরনের হীন মানসিকতার কাজ করেছেন। তবে, তারা ওই জমি খবির হাওলাদারের নিকট থেকে বায়নাসুরে ক্রয় করেছেন বলে দাবী করেন। সরেজমিনে জানা ২ এর পাতায় দেখুন

মন্ত্রিসভায় রদবদল এক নজরে সম্ভাব্য পরিবর্তন

উদ্দেশ্য

মন্ত্রণালয়ের প্রশাসনিক-রাজনৈতিক চাপ হ্রাস	প্রশাসনিক কার্যক্রমে গতি-কর্মদক্ষতা বৃদ্ধি করা	মন্ত্রণালয়-মন্ত্রী-প্রতিমন্ত্রীর সমন্বয়হীনতা দূর করা	নির্বাসী প্রতিক্রিয়া ক্রম-বাস্তবায়নে গতি হ্রাস
--	--	--	--

মহিদুর রহমান, এমরুদ উল্লাহ, বিএম মোশাররফ খোন্দে, সেলিমা রহমান, ড. আব্দুল মঈন খান, এ বিএম আব্দুল সাত্তার

মন্ত্রিসভায় আসতে পারেন সেলিমা ও মোশাররফ

কীর্তনখোলা ডেস্ক
মন্ত্রণালয়গুলোর ওপর বাড়তে চলেছে একই সঙ্গে রাজনৈতিক ভারসাম্য ও কর্মদক্ষতার বিষয়টিও বিবেচনায় নেওয়া হচ্ছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের (পিএমও) একাধিক সূত্র জানায়, নতুন করে পাঁচ থেকে ছয়জনের নাম নিয়ে আশোচনা চলছে। এর মধ্যে তিন থেকে চারজন মন্ত্রিসভায় যুক্ত হতে পারেন। টেকনোক্রেট ও কোটায় একজনকে অন্তর্ভুক্ত করার সম্ভাবনাও রয়েছে। এছাড়া, দুজন নতুন উপদেষ্টা নিয়োগ দেওয়া হতে পারে। তবে, ঠিক কবে নাগাদ মন্ত্রিসভায় যুক্ত করা হবে, তা এখনও নিশ্চিত নয়। সংশ্লিষ্ট সূত্রগুলো



নতুন কুড়ি স্পোর্টস ২০২৬ এর পুরস্কার বিতরণ শেষে ফটোসেশনে উপস্থিত আড, মজিবর রহমান সরোয়ার এমপি

লোডশেডিংয়ের অজুহাতে বরিশালের বাজারে বেড়েছে মুরগি ও ডিমের দাম

কীর্তনখোলা রিপোর্ট
লোডশেডিংয়ের অজুহাতে বরিশালের বাজারে দাম বেড়েছে মুরগি ও ডিমের দাম। প্রতি বিক্রি করি। বৃহস্পতিবার ৪৮-৫০ টাকায় বিক্রি করেছে। প্রতি পিসে এক টাকা বাড়িয়েছে পাইকরা। রপাতলীর মুরগি দোকানের মালিক সোহেল বলেন, লোডশেডিং বন্ধ হতে পারেনি। আমরা চাহিদামত মুরগি পাচ্ছি না। দুই সপ্তাহ আগে ত্রয়লার মুরগির কেজি বিক্রি করেছি ১৭০ টাকা। এখন ১৯০ টাকায় বিক্রি করতে হচ্ছে। খামারিরা বলল, লোডশেডিংয়ে মুরগির খাবারের দাম বেড়েছে। ২ এর পাতায় দেখুন



দেশের রিজার্ভ বেড়ে দাঁড়ালো ৩৫.৬১ বিলিয়ন ডলার

কীর্তনখোলা ডেস্ক
দেশে বৈদেশিক মুদ্রার মোট রিজার্ভ বেড়ে এখন ৩৫ দশমিক ৬১ বিলিয়ন মার্কিন ডলারে দাঁড়িয়েছে। এই রিজার্ভের মধ্যে বৈদেশিক মুদ্রায় গঠিত বিভিন্ন তহবিলও অন্তর্ভুক্ত রয়েছে। আন্যদিকে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) হিসাব পদ্ধতি বিপিএম-৬ অনুযায়ী প্রকৃত ব্যবহারযোগ্য রিজার্ভের পরিমাণ ৩০ দশমিক ৯৬ বিলিয়ন ডলার। শুক্রবার (৮ মে) বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র আরিফ ২ এর পাতায় দেখুন

এক বছরে বিশ্বজুড়ে হেপাটাইটিস বি কমেছে ৩২ শতাংশ

কীর্তনখোলা ডেস্ক
২০২৫ সালে বিশ্বজুড়ে প্রায়খাতী রোগ হেপাটাইটিস বি-তে আক্রান্তের হার কমেছে ৩২ শতাংশ; আর এই রোগেরই আরেকটি ভাইরাস হেপাটাইটিস সি-এর সংক্রমণের হারের মাত্রার হার কমেছে ১২ শতাংশ। জাতিসংঘের বৈশ্বিক স্বাস্থ্য নিরাপত্তা বিষয়ক অঙ্গসংগঠন বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) 'গ্লোবাল হেপাটাইটিস রিপোর্ট' নামে একটি প্রতিবেদন প্রকাশ করেছে। সেখানে বলা হয়েছে, আগের ২ এর পাতায় দেখুন

শত শত শিশুদের শিক্ষক, মক্খি বাল্যের প্রখ্যাত বাংলা ভাষ্যপট্রিত ও ব্যাকরণবিদ ব্রহ্মপল্লব সরকারি ব্রহ্মপল্লব কলেজ, বাংলা বিশ্ববিদ্যালয় সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রস্তুতকারকের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আশুপাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পৃথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিল্লা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি পার্বত্যপাড়া, সদর রোড, বরিশাল 01711-264963	অবুদুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অবুদুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
শব্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ পার্বত্যপাড়া, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি হাট পলি ও কলকাতা রাস্তা, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হাট পলি ও কলকাতা রাস্তা, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম. কলকাতা রাস্তা, বরিশাল 01726-074663	হক লাইব্রেরি বি.এম. কলকাতা রাস্তা, বরিশাল 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম. কলকাতা রাস্তা, বরিশাল 01717-488083

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য ঝালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

মম্বাদকীয় কড়া নজরদারি নিশ্চিত করুন

দেশের বাজারের প্রকৃত চিত্র হলো, নকল ও অবৈধ পণ্যের ভিড়ে আসল পণ্য খোঁজে পাওয়া কঠিন। বেশির ভাগ পণ্যই ভেজাল। এমনকি জীবনরক্ষাকারী ওষুধের মানও ঠিক নেই, নকল ওষুধে বাজার সয়লাব। এতে বিপুলসংখ্যক ভোক্তাসমাজ যেমন প্রতিদিন প্রভারিত হচ্ছে, একই সঙ্গে সরকার হারাচ্ছে মোটাত্ব স্ব্দের রাজস্ব। আবার প্রকৃত ব্যবসায়ীরাও ক্ষতিগ্রস্ত হচ্ছেন। আয়োজিত ‘অবৈধ পণ্যের দৌরাত্ম্য : ব্যবসায়ীদের নান্ধিশ্বাস, করণীয় কী’ শীর্ষক গোেলটেবিল বৈঠকে এমন উদ্বেগজনক চিত্র ওঠে এসেছে। নকল ও অবৈধ পণ্যের বাজার ছোট নয়; বরং অনেক বড়। গোেলটেবিল বৈঠকের বক্তারা জানিয়েছেন, এই বাজার ৪০ থেকে ৫০ হাজার কোটি টকার। এসব পণ্যই আমরা নিরাপদ ভেবে ক্রয় করছি। এই অবৈধ তৎপরতার সঙ্গে যারা জড়িত, তারা মুনাফা বাণিয়ে নিলেও একই পণ্য উৎপাদন করে প্রকৃত ব্যবসায়ীরা লোকসানের মুখে পড়ছেন। জানা গেছে, গ্রাম পর্যায়ে নকল পণ্যের দাপট বেশি। ওষুধশিল্প সমিতির নির্বাহী পরিচালক সাইফুল ইসলাম জানান, দেশের বছরে প্রায় দেড় হাজার কোটি টকার ভেজাল ওষুধ বাজারে রয়েছে। গ্রামে নকল ওষুধ বিত্বারের অন্যতম কারণ ছিল দাম। স্বীকৃত কম্পানির ওষুধের তুলনায় নকল ওষুধ ৩০ থেকে ৪০ শতাংশ কম। ফলে নিদ্ আসের মানুষ সেতলোই কেনে। শুধু ওষুধ নয়, অন্যান্য পণ্যের বেলায়ও একই কথা প্রযোজ্য। কঠৈকে ভেজাল ও নকল পণ্যের দৌরাত্ম্য নিয়ে অনেকেই বলেন, কড়া নজরদারির যেমন অভাব রয়েছে, রয়েছে আইনের দুর্বলতাও। শাস্তি হিসেবে অল্প জরিমানা করা হয়। এতে দেখা যায়, ভেজাল কারবারিরা বরং নতুন কৌশলে নিজের তৎপরতা জারি রাবেন। রয়েছে ভোক্তাসমাজের অসচেতনতাও। বৈঠকের প্রধান অতিথির বক্তব্যে অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিস্মীর বলেন, ‘মানুষ খখন প্রকৃত নাগরিক হয়ে উঠবে, তখনই সে বৈধ-অবৈধকে চ্যালেঞ্জ করবে। আইন প্রয়োগকারী সংস্থা তখনই আইন প্রয়োগে ব্যাধ্য হবে।’ এ ছাড়া বিএসটিআই, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর এবং কর্মজিউমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (কাব্য)-এর মতো প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা বৃদ্ধির দিকে গুরুত্বারোপ করেন শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. ফিরোজ উদ্দীন। খোদ ফারাদি অধিদপ্তরের রয়েছে বড় দূর্বলতা। পণ্য আসল নাকি নকল, তা শনাক্ত করার নিজস্ব লাবণ্য পর্যন্ত তাদের নেই। দেখা যাচ্ছে, নকল ও অবৈধ পণ্য বিস্তারের কারণ একটি নয়, অনেক। এ কারণে বিশেষজ্ঞদের পরামর্শ হলো, পরিস্থিতি উত্তরণে সমন্বিত উদ্যোগ নিতে হবে। আমরাও পনে করে, কড়া নজরদারি ও সঠিক আইন প্রয়োগের মধ্য দিয়ে পরিস্থিতির অনেকটাই উন্নতি করা সম্ভব।

নতুন পে স্কেলে

দ্বিগুণ করার প্রস্তাব করা হয়েছে। পাশাপাশি বৈশাখী ভাতা ও টিফিন ভাতার হার বাড়ানোর সুপারিশও করা হয়েছে। জানা গেছে, ফেব্রব পেনশনভোগীর মাসিক পেনশন ২০ হাজার টকার কম, তাদের ক্ষেত্রে ১০০ শতাংশ বা দ্বিগুণ বৃদ্ধির প্রস্তাব দিয়েছে কমিশন। এছাড়া ২০ হাজার থেকে ৪০ হাজার টাকা পর্যন্ত পেনশন পাওয়া ব্যক্তিদের জন্য ৭৫ শতাংশ এবং ৪০ হাজার টকার বেশি পেনশনভোগীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ পর্যন্ত পেনশন বৃদ্ধির সুপারিশ করা হয়েছে। বর্তমানে সরকার কর্মচারীরা মূল বেতনের ২০ শতাংশ হারে বৈশাখী ভাতা পলেও নতুন প্রস্তাবে তা বাড়িয়ে ৫০ শতাংশ করার কথা বলা হয়েছে। এছাড়া ১১ থেকে ২০তম গ্রেডের কর্মচারীদের টিফিন ভাতা ২০০ টাকা থেকে বাড়িয়ে ১ হাজার টাকা এবং শিক্ষা ভাতা ১ হাজার ৫০০ টাকা থেকে বাড়িয়ে ২ হাজার টাকা করার প্রস্তাব এসেছে। এলেকট্রিক পরিগ্রহিত বিবেচনায় নতুন পে স্কেল ধাপে বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হচ্ছে। ইতোমধ্যে নুনগঠিত পে কমিশন সুপারিশ চূড়ান্ত করার কাজ শুরু করেছে এবং শিপিগ্রহি়ত আ সরকারের কাছে জমা দেওয়া হবে। অর্থ বিভাগের প্রাথমিক খসড়া অনুযায়ী, প্রথম ধাপে আগামী অর্থবছরের বাজেট মূল বেতনের একটি অংশ কার্যকর করতে প্রায় ৩৫ হাজার কোটি টাকা ব্যরাদের পরিকল্পনা রয়েছে। তবে পুরো কাঠামো ও সুবিধা ২০২৮-২৯ অর্থবছরের মধ্যে ধাপে ধাপে বাস্তবায়নের সম্ভাবনা রয়েছে। সাবেক অর্থচিরা জাকির আহমেদ খানের নেতৃত্বাধীন বেতন কমিশন গত জানুয়ারিতে এসব সুপারিশ জমা দেয়। বর্তমানে মন্ত্রিপরিষদ সচিবের নেতৃত্বে উচ্চপর্যায়ের কমিটি সুপারিশগুলো পর্যালোচনা করছে। সরকারের পরিকল্পনা অনুযায়ী, ২০২৬-২৭ অর্থবছরের বাজেট থেকে নতুন পে স্কেল বাস্তবান শুরু হতে পারে।

শাপলা চতুরে ২ লাখ

সব বিদ্যুৎ সংযোগ বন্ধ করে দিয়ে প্রায় ২ লাখ গোলাবারুদ, আর্মস-আমুনিশন ব্যবহার করা হয়েছে। শুক্রবার (৮ মে) বিকেলে জাতীয় জাদুঘরে শাপলা স্মৃতি সঙ্গদ আয়োজিত শাপলার স্মৃতি শহীদাখ্যা-শীর্ষক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। তিনি বলেন, তখনকার প্রধানমন্ত্রী বলেন- কেউ মরে নাই, হুজুরা সব গিয়ে লাল রঙ মাখিয়ে তুয়ে আছে। দেশের প্রধানমন্ত্রী কী পরিমাণ মিথ্যা কথা বলতে পারে! আজ অপরূপ ছাত্রীব্র্যনালে বিচার চলছে, ধীরে ধীরে তদন্তে ৭২ জনের বেশি হত্যার প্রমাণই পাওয়া গেছে, নিখোঁজ আছে। এজন্য আমরা মনে করি, এটা কোনো সাধারণ ঘটনা ছিল না, নির্দোষদের ইসলামি জনতার প্রতি যে কর্তৃত্ববাদী সরকারের গুলুম, দীর্ঘকালের বা বিচ্ছাড়ারের একটা আউবাস্ট হিসেবে সেদিন সর্বস্তরের জনগণ দাঁড়িয়েছিল। তিনি বলেন, ২৪ এর জুলাইয়ের গণঅভ্যুত্থান আর ২০১৩ সালের ৩ মে এর ঘটনা বিচ্ছিন্ন নয়। এগটির সঙ্গে আরেকটি ফলোআপ হয়ে কর্তৃত্ববাদী শাসনের বিরুদ্ধে এদেশের ১৮ কোটি মানুষেরে সংগ্রামের একটি বিজয় হয়েছে। গোলাম পরগণের বলেন, যে কারণে মানুষ জীবন দিয়েছিল, সেই আদর্শ, সেই সংগ্রাম, সেই যুগ পুরনের জন্য আমরা যেন জাতির কাছে দেওয়া গয়ানা থেকে মুখ ফিরিয়ে না নেই। জাতির কাছে যেন অপরাধী হিসেবে বিবেচিত না হয়। এই ব্যাপারে নিজেরনে বিবেচনের কাছে যেন আমরা বিশ্লেষণ করে, বোঝাপড়া করে আমরা সবাই যেন আমাদের জনগণের আকাঙ্ক্ষা পূরণেরে সেই সংগ্রামকে সামনে এগিয়ে নিয়ে যাই।

নোট-গাইড নয়, চলবে

এহসানুল হক মিলন। নিনি বলেছেন, ‘সহায়ক বইয়ের আড়ালে নোট-গাইড আর দরকার হবে না। শিক্ষকরা যে প্রেসক্রিপশন দেন, এই নোট গাইড পড়তে হবে- এটা করা যাবে না। সেজন্য শিক্ষকদের সহযোগী বইয়ের তালিকা দিয়ে দিতে হবে, শিক্ষার্থীরা সেটা কিনবে।’ শুক্রবার (০৮ মে) বাংলা একাডেমির আব্দুল করিম সাহিত্য বিশারদ মিলনায়তনে বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির (রাপস) বার্ষিক সাধারণ সভা এবং ‘সমাজ জাগরণে প্রকাশক ও বিক্রেতাদের ভূমিকা’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন শিক্ষামন্ত্রী। বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সভাপতি ও সদস্য সদস্য বাদশা মিলার সভাপতিত্বে আরও বক্তব্য দেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী এবং মুক্তিযোদ্ধা বিষয়ক প্রতিমন্ত্রী ড. আ ন ম এহসানুল হক মিলন তার বক্তব্যে বলেন, ‘বর্তমান শিক্ষা ব্যবস্থাকে এমন এক পর্যায়ে নেওয়া হচ্ছে যেখানে নোট বা গাইড বইয়ের কোনো প্রয়োজনই থাকবে না। তবে শিক্ষার্থীদের মেধা বিকাশকে মানসম্মত ‘সহযোগী বই’ থাকতে পারে। শিক্ষকরা নির্দিষ্ট গাইড বই পড়ার যে প্রেসক্রিপশন দেন, তা বন্ধ করতে হবে। তার বদলে শিক্ষকরা মানসম্মত সহযোগী বইয়ের একটি তালিকা দেবেন, যা থেকে শিক্ষার্থীরা জ্ঞান অর্জন করতে পারবে।’ সেমিনারে শিক্ষামন্ত্রী অভিযোগ করেন যে, অনেক শিক্ষক বাজারে নিম্নমানের নোট গাইড বই থেকে পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন করছেন। এই ধরনের অনিয়ম কোনোভাবেই বরাদ্দপত্র করা হবে না। মুদ্রণ ও প্রকাশনা একটি সম্মানজনক ব্যবসা, এটি যেন কেবল বাণিজ্যিক স্বার্থে ভবিষ্যৎ প্রজন্মের ক্ষতি না করে সেদিকে খোয়াল রাখতে মুদ্রণ ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানান তিনি। তিনি বলেন, ‘সহায়ক বই যারা তৈরি করেন তারা যেন বইয়ের মানের দিকে খোয়াল করেন। বই ছাপানোর ক্ষেত্রে যেন মানসম্মত কাগজ ব্যবহার করা হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। আপনারা যে সাহায্যে বই তৈরি করেন বিশ্বের অন্য দেশ তা পারে

না, আমাদের দেশে মোটামুটি সত্তায় বই বিক্রি হয়। আমি চাই মুদ্রাশিল্পে একে অন্যের পরিপূরক হিসেবে কাজ করুক। আপনাদের অনুরোধ করবো- বইয়ের ব্যবসা করেন ভবিষ্যৎ প্রজন্মের জন্য।’ শিক্ষামন্ত্রী বলেন, ‘প্রধানমন্ত্রী তারেক রহমান তার স্ত্রীকে নিয়ে গাড়ি চালিয়ে গেলেন এটা দেখে আমার স্ত্রীও বলছেন তোমার কি ড্রাইভিং লাইসেন্স আছে? ভূমিও ড্রাইভিং লাইসেন্স করো আমাকে নিয়ে গাড়ি চালাতে হবে। অর্থাৎ আমরা এমন একজন প্রধানমন্ত্রী পেয়েছি যিনি প্রত্যেকটি জায়গায় সাধারণ মানুষের মত দৃষ্টিভ্র স্থাপন করছেন।’ অনুষ্ঠানে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী শাহে আলম বলেন, ‘বর্তমান সরকার শিক্ষায় সবচেয়ে বেশি জোড় দেওয়া হয়েছে। সেজন্য সরকার শিক্ষায় জিডিপি’র ৫ শতাংশ বরাদ্দ রাখতে প্রতিশ্রুতিবদ্ধ। তবে সবার আগে দরকার মান সম্মত শিক্ষা। এটার জন্য দক্ষ শিক্ষক যেমন প্রয়োজন তেমননি আপনারা যারা সহায়ক বই দিয়ে শিক্ষার্থীদের সহযোগিতা করছেন তাদেরও বলিষ্ঠ ভূমিকা দরকার।’ তিনি জানান, শিক্ষা প্রতিষ্ঠানের অনুষ্ঠানে ক্রেস্ট দেওয়ার সংস্কৃতি নিরুৎসাহিত করা হচ্ছে। এছাড়া শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করিয়ে রোদে পড়িয়ে কোনো ধরনের অভাবীনা বা সংবর্ধনা দেওয়া এখন থেকে সম্পূর্ণ নিষিদ্ধ প্রকাশনা শিল্পের মর্যাদা দিতে মুদ্রণ শিল্পকে একটি পূর্ণাঙ্গ শিল্প হিসেবে স্বীকৃতির দাবির প্রতি সমর্থন জানান এবং সাক্ষরী মুদ্রো মানসম্মত বই ছাপানোর ওপর জোর দেন।

বিরোধীদল সরকারের সমালোচনা

উপদেষ্টা রুহুল কবির রিজভী। রাজনৈীর কবিদম ইসলামিউটে শনিবার (৯ মে) হতে যাওয়া বিএনপির মতবিনিময় সভার প্রস্তুতি কার্যক্রম শুক্রবার (৮ মে) পরিদর্শন থেকে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বললেন। বিএনপি এবং এর ভিত্তি অঙ্গসংগঠন- যুবদল, ছাত্রদল ও স্বেচ্ছাসেবক দলের জেলা ও মহানগর পর্যায়ের সভাপতি ও সাধারণ সম্পাদকদের নিয়ে সভাটি হবে। বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রিজভী জানান, এ সভায় প্রধান অতিথি হিসেবে অংশ নেবেন প্রধানমন্ত্রী বিএনপি জেয়ামান তারেক রহমান। এছাড়া দলের মহাসচিবসহ জেলা নেতারা উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে সারাদেশের জেলা পর্যায়ের নেতারা বক্তব্য দেবেন। তারা সাংগঠনিক এবং সরকারের বিভিন্ন কার্যক্রম নিয়ে নিজেরদের মতামত তুলে ধরবেন। পাশাপাশি সরকার দায়িত্ব নেওয়ার পর গত দুই-তিন মাসে যেসব কার্যকর পদক্ষেপ নেওয়া হয়েছে এবং যেগুলো বাস্তবায়নের পথে রয়েছে, সেসব বিষয় সংশ্লিষ্ট মন্ত্রীরা বিশেষভাবে উল্লেখাপন করবেন। রিজভী বলেন, ‘আমাদের ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড, খাল খনন- অনেক ভালো কর্মসূচি রয়েছে।’ সরকারের বিরুদ্ধে আন্দোলন ও সমালোচনা প্রসঙ্গে তিনি বলেন, ‘গণতন্ত্রের জন্য আমরা ১৬ বছর লড়াই করেছি। কত জীবন চলে গেছে- শিশু, ছাত্র, শিক্ষক, শ্রমিকের। গণতন্ত্র মানেই সরকার তার কাজ করবে আর বিরোধীদল তার সমালোচনা করবে। এটাই মূল এবং এটাই হলো উচিত। বিরোধীদল বিভিন্ন সমালোচনা করতেই পারে। তবে সমালোচনাটা যেন গঠনমূলক হয়। সরকারের লুল থাকলক সেই লুলগুলো দেখিয়ে দিলে গণতন্ত্র শক্তিশালী হয়, ধষ্টা আরও কাকর ও কর্মক্ষম হয়।’ ‘যদি দেশশাসমূলকভাবে সরকারকে বিপদে পড়ানোর জন্য বিভিন্ন কর্মসূচি নিই এবং মিথ্যা কথা বলে যাই, তাহলে সেটা স্বভূত্বয়। শেখ হাসিনা ক্ষমতায় থেকে এবং ক্ষমতার বাইরেও অনেক মিথ্যা কথা বলেছেন। যদি সেই ধরনের রাজনীতি হয়, তাহলে সেটা ক্ষমতারে মধোই পড়ে,’ যোগ করেন তিনি। রিজভী বলেন, ‘বিরোধীদল গঠনমূলক থাকলে গণতন্ত্র শক্তিশালী হবে। জনগণ যদি মনে করে বিরোধীদলের কথা ইতিবাচক, তাহলে জনগণই সেটার মূল্যায়ন করবে। জনগণই হচ্ছে চূড়ান্ত বিচারক। সামনেই নির্বাচনে জনগণই বিবেচনা করে সরকার সঠিক কাজ করেছে কি না।’

বঙ্গোপসাগরে আন্তঃমহাদেশীয় ব্যালিস্টিক

জারির পর ধারণা করা হচ্ছে, ভারত তাদের ১০ হাজার কিলোমিটার দূরত্বের অগ্নি-৬ আন্তঃদেশীয় মিসাইল পরীক্ষা চালিয়ে গেছে। এই সম্ভাব্য পরীক্ষার বিষয়টি আরও দৃঢ় হয়েছে কারণ কয়েকদিন আগে দেশটির প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংস্থা (ডিআরডিও) জেয়ামান সমির ভি কামাথ জানান, তারা তাদের স্বাধন আন্তঃদেশীয় ব্যালিস্টিক মিসাইল অগ্নি-৬ এর পরীক্ষা চলারের কথা প্রজ্ঞত। ইকোনোমিক টাইমস জানিয়েছে, মিসাইল পরীক্ষার ব্যাপারে ভারত সরকার আত্মনিশ্চিন্তভাবে কিছু জানতেন। তবে বঙ্গোপসাগরে আকাশীমায় বিধিনিষেধ আরোপ থেকে একটি সম্ভাব্য পরীহার আভাস পাওয়া যাচ্ছে। এরআগে গত বুধবার মাইক্রো ব্লগিং সাইট এক এক পোস্টে অগ্নি-৬ পরীক্ষার আভাস দেয় কেন্দ্রেস ক্ষমসৌন্দ দল বিজ্ঞাপে। দলটি জানায় ভারত আন্তঃমহাদেশীয় মিসাইলের যুগে পা দিয়েছে। এ ব্যাপারে এত্রে তারা লিখেছে,‘অগ্নি-৬: সুপারপাওয়ার হওয়ার পথে ভারত! ১০ হাজার কিলোমিটারেরও বেশি গাড়া এবং এমআইআরডি প্রযুক্তিতে সজ্জিত আন্তঃ মহাদেশীয় মিসাইল। এই মিসাইল ভারতের নিরাপত্তাকে করবে দুর্বলো এবং আমাদের পৌছে দেবে বিশ্বের সবচেয়ে শক্তিশালী দেশগুলোর কাতারে। শক্তিশালী ভারত, নিরাপদ ভারত।”

মাদকপাচার রোধে বাংলাদেশ-পাকিস্তানের

জড়িত সন্দেহভাজন ব্যক্তি, পাচারকারী চক্র এবং নতুন পাচার কৌশল ও রুট সম্পর্কে নিয়মিত গোয়েন্দা তথ্য বিনিময় করা হবে। চুক্তির আওতায় উভয় দেশের গোয়েন্দা সংস্থাগুলো প্রয়োজন অনুযায়ী যৌথ অভিযান এবং ‘কন্ট্রোল ডেলিভারি অপারেশন’ পরিচালনা করতে পারবে। এছাড়া মাদক নিয়ন্ত্রণে নিয়োজিত কর্মকর্তাদের প্রশিক্ষণ, পুনঃপ্রশিক্ষণ এবং বেজাজিক পরিবহণের ফন্ডাকল বিনিময়ের বিষয়েও সম্মত হয়েছে দুই দেশ। মাদক শনাক্তে প্রযুক্তিগত সরঞ্জাম ও যন্ত্রার ভগ ব্যবহারের অভিজ্ঞতা বিনিময়েরও সহযোগিতা করবে বাংলাদেশ ও পাকিস্তান। তথ্য বিনিময়ের জন্য বাংলাদেশের পক্ষে মাদকসুদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং পাকিস্তানের পক্ষে ফ্র্যান্সি নারকোটিকস কোর্স (এএনএফ) ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবে। সমঝোতা স্মারকে আদান-প্রদানকৃত সব তথ্য ও নথির গোপনীয়তা রক্ষার বিষয়টি শুক্রবারের সঙ্গে উল্লেখ করা হয়েছে। কোনো তথ্য ভৃতীয় রাষ্ট্রকে প্রকাশ করা যাবে না বলেও এতে বলা হয়েছে। চুক্তিটি স্বাক্ষরের দিন থেকে ১০ বছরের জন্য কার্যকর থাকবে। পাশ্চাত্যিক সমন্বিতর ভিত্তিতে পরবর্তীতে এর মেয়াদ বাড়ানো যাবে। দুই দেশের নাগরিকদের জনস্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করতে এ সহযোগিতা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ করেছেন সন্ত্রিষ্টরা।

সৌদি পৌছেছেন সাড়ে

এ তথ্য জানা গেছে। তবে হজের মূল আনুমানিকতা শুরু আগেই এমন পর্যন্ত সৌদিতে ১০ জন বাংলাদেশি হজযাত্রীর মৃত্যু হয়েছে। হজ বুলেটিনের তথ্য অনুযায়ী, সৌদি আরবের পৌছানো হজযাত্রীদের মধ্যে সরকারি ব্যবস্থাপনায় গেছেন ৪ হাজার ৭১ জন এবং বেসরকারি ব্যবস্থাপনায় গেছেন ৪৪ হাজার ৫৩৪ জন। এবার বাংলাদেশ থেকে মোট ৭৮ হাজার ৫০০ জন হজ পালনের অনুমতি পেয়েছেন। সেই হিসেবে অর্ধেকের বেশি হজযাত্রী ইতিমধ্যে সৌদি আরবে পৌছেছেন। হজ বুলেটিনে বলা হয়েছে, ১০ জন মৃতের মধ্যে মক্কা ৮ জন ও মদিনায় ২ জন মারা গেছেন। আরা যাওয়ারদের মধ্যে দুইজন মহিলা। বুলেটিনে জানানো হয়েছে, মোট ১২৪টি ফ্লাইটের মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইনস ৫৭টি ফ্লাইটে ২২ হাজার ৮১৯ জন যাত্রী পরিবহন করেছে। এছাড়া সৌদি এয়ারলাইনস ৪৬টি ফ্লাইটে ১৭ হাজার ২৯২ জন এবং ফ্লাইন এয়ারলাইনস ১১টি ফ্লাইটে ৮ হাজার ৪৯৪ জন হজযাত্রীকে সৌদি আরবে পৌছে দিয়েছে। এ হজের মধ্যে ৬৬০টি অনুমোদিত এজেন্সি জর কার্যক্রম পরিচালনা করছে। এর মধ্যে ৩০টি লিড এজেন্সি এবং ৬৬০টি সমন্বয়কারী এজেন্সি রয়েছে। গত ১৭ এপ্রিল রাত ১১টা ৫৭ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ৪১৯ জন হজযাত্রী নিয়ে এ বছরের প্রথম হজ ফ্লাইট (বিজি৩০০১) জেদ্দার উদ্দেশে রওনা হয়। চাঁদ বেলা সাপেড়ে, আগামী ২৬ মে সৌদি আরবের পবিত্র হজ অস্ট্রিভিত হতে বেরা আসা করা হচ্ছে। হজ পালন শেষে আগামী ৩০ মে ঢাকা থেকে ফিরিতি ফ্লাইট শুরু হবে। আগামী ৩০ জুন শেষ ফ্লাইটটি ঢাকার উদ্দেশে রওনা হবে।

স্কুল ছাত্রীকে ‘তুলে নিয়ে বিয়ে’

জানায়। গৌরনদী থানা পুলিশ গোপালগঞ্জের মুকস্দপুর উপজেলার জলিগাড় এলাকার খালকুদা গ্রামের একটি বাড়ি থেকে উদ্ধার করে নেওয়া হয়েছে। স্বজনদের অভিযোগে, ‘ফুসলিয়ে’ শিশুটিকে স্বত্ত্ববন্দি নিয়ে যান অভিযুক্ত মেধা বাড়ি। বিয়ে দেন ৬৮ বছর বয়সী ভগ্নতর ঢালী নামের এক আত্মীয়ের সঙ্গে। আরও রেশের পারিবারিক ও মানসিক নির্যাতনেও করা হয় তাকে। বলা হয়, দুই লাখ টাকায় তাকে কিনে নেওয়া হয়েছে। অভিযোগ অস্বীকার করছেন মেধা বাড়ি বসেন, ওই শিশুকে আমরা বিয়ে দেবনি। সে নিজের ইচ্ছায় বিয়ে করেছে। এ বিষয়ে আমরা কিছু জানি না। গৌরনদী মহলে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শুক্রবার (৮ মে) জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে

শিশুটি নির্যাতনের কথা বলেছে। নিশ্চিত হওয়ার জন্য তাকে ডাক্তারি পরীক্ষা করাতে হবে। পরীক্ষানিরীক্ষা না করে আমরা নির্যাতনের কথা নিশ্চিতভাবে বলতে পারছি না। বর্তমানে শিশুটি থানায় আছে। পাঁচজনকে আসামি করে মামলা রেকর্ড প্রক্টিয়ায়ীরা। কিছুক্ষণ পর চিকিৎসা ও টেস্টের জন্য বর্গরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের ওসিগিতে পাঠানো হবে।

বরিশালে থামছে না হাম উপসর্গে

হামের লক্ষণ নিয়ে যে ২,৮১৬টি শিশু সরকারি হাসপাতালসমূহে আসে, তার মধ্যে ৫১ জনের শরীরে হাম সম্পর্কে নিশ্চিত হয়েছে স্বাস্থ্য বিভাগ। এ সময়ে যে ১৫টি শিশুর মৃত্যু হয়েছে, তার মধ্যে ৩টি শিশু নিশ্চিত হামে মারা গেছে বলেও কর্তৃপক্ষ জানিয়েছেন। অপরদিকে চলতি মে মাসের প্রথম সপ্তাহেও বরিশালের হাসপাতালসমূহে হামের উপসর্গ নিয়ে যে ১,১৬২টি শিশু আসলেও তার মধ্যে ৯টি শিশু হাম আক্রান্ত বলে নিশ্চিত হয়েছে স্বাস্থ্য বিভাগ। এমনকি গত মাসে হাম সন্দেহে ১৫টি শিশুর মৃত্যুর পরে চলতি মাসের প্রথম সপ্তাহেই আরো ৬টি শিশু মারা গেছে। তবে এসব শিশুর শরীরে হাম সম্পর্কে নিশ্চিত কোনো ধারণা এখনো পাওয়া যায়নি। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য দপ্তরের মতে, শুক্রবার দুপুরের পূর্ববর্তী ২৪ ঘটয়া বরিশালের বিভিন্ন সরকারি হাসপাতালসমূহের বহির্বিভাগে হামের উপসর্গ নিয়ে আরো ১০৩টি শিশু আসলেও তার মধ্যে ৯৯ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। এনিয়ে বরিশালের সরকারি হাসপাতালসমূহে হাম সন্দেহে আগত রোগীর সংখ্যা দাঁড়াল ৪,৬৩৬ জনে। আর এপর্যন্ত ভর্তি কৃত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৩,৯৫৪ হলেও ৩,৫০২ জনই সুস্থ হয়ে ঘরে ফিরে গেছেন। এদিকে প্রথম পর্যায়ে বরিশাল বিভাগের ৪টি উপজেলা এবং পরে বরিশাল মহানগরী ছাড়াও গত ২০ এপ্রিল থেকে সমগ্র দক্ষিণাঞ্চলে হামের টিকা প্রদানে যে কর্মসূচি গ্রহণ করা হয়েছে, ইতোমধ্যে তার প্রায় ৯৬ ভাগ অর্জিত হয়েছে বলে জানা গেয়ে। ১০ মে পর্যন্ত এ টিকাদান কর্মসূচি চলবে। এদিকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের শিশু বিভাগে শুক্রবারও হামের উপসর্গ নিয়ে দেড় শতাধিক শিশু চিকিৎসানীন ছিল। দক্ষিণাঞ্চলের সর্ববৃহৎ এ সরকারি চিকিৎসাসেবা প্রতিষ্ঠানটিতে ইতোমধ্যে হাম সন্দেহে ১,৭২৬টি শিশুকে ভর্তি করা হলেও ১,৫৮৬ জনকে ঘরে ফেরত পাঠানো হয়েছে। এ হাসপাতালে হাম সন্দেহে ১৬টি শিশু মারা গেলেও তার মধ্যে কোনো নিশ্চিত হাম রোগী শনাক্ত হয়নি। দক্ষিণাঞ্চলে এ পর্যন্ত নিশ্চিত হাম নিয়ে যে ৩টি শিশুর মৃত্যু হয়েছে, তার সবই বরুণা জেলায় বলে বরিশাল বিভাগীয় স্বাস্থ্য দপ্তর জানিয়েছে।

হাম ও সন্দেহজনক হামে

৪৯০ জন। একই সময়ে সন্দেহজনক হামে আক্রান্তের সংখ্যা ৪৬ হাজার ৭১০। উল্লেখ্যত সময়ে হাম সন্দেহে হাসপাতালে ভর্তি হয়েছেন ৩২ হাজার ৮৬২ জন এবং সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন ২৯ হাজার ১৫২ জন। বিভাগভিত্তিক হিসাব অনুযায়ী, নিশ্চিত হামে সবচেয়ে বেশি ৩৮ রোগী পাা গেছেন ঢাকায়। এছাড়া, চট্টগ্রামে সাত, বরিশালে ছয়, সিলেটে তিন এবং ময়মনসিংহ ও রাজশাহীতে দুজন করে মৃত্যুবরণ করেছে। সন্দেহজনক হামেও সবচেয়ে বেশি ১৩২ জনের মৃত্যু ঘটেছে ঢাকা বিভাগে। এরপূর ৭৮ জন মারা গেছেন রাজশাহীতে। সেই সঙ্গে চট্টগ্রামে ২৫, সিলেটে ২১, বরিশালে ১২, তুলনায় ১৬ ও ময়মনসিংহে একজন প্রাণ হারিয়েছেন। রংপুর বিভাগে এখনো নিশ্চিত বা সন্দেহজনক হামে কারও মৃত্যুর খবর পাওয়া যায়নি।

বরিশালে দাপট দেখাচ্ছে

আত্মহুয়া ও তার ছেলে মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সাবেক সিটি মেয়র সাদিক আব্দুল্লাহর ছবি। আওয়ামী লীগের এভাবে সক্রিয় হওয়ার খবর গণমাধ্যমে ছড়িয়ে পড়লে তৎপর হয়ে পুলিশ। গ্রেফতার অভিযান চালানো হয় নগরের বিভিন্ন এলাকায় থাকা আওয়ামী লীগ নেতাকর্মীদের বাড়িঘরে। এতে খানিকটা হলেও দমে যান তারা। পরবর্তী কিছুদিন আর দেখা যায়নি কোনো কর্মকাণ্ড। সপ্তাহ দুয়েক এভাবে চুপচাপ থাকার পর মার্চের প্রথম সপ্তাহ থেকে আবার মাঠে নামে আওয়ামী লীগ। এরই মধ্যে কারাগার থেকে মুক্তি ও আদালতে হাজির হয়ে জামিন পান জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাবেক এমপি পড়ন আলী, তালুকদার মোহাম্মদ ইউসুস, মহানগর কমিটির সহসভাপতি সাবেক এমপি জেব্বুন্নোসা আফরোজ, মহানগর ছাত্রলীগের সভাপতি জসিমউদ্দিন এবং প্রভাবশালী যুবলীগ নেতা মাহমুদুল হক খান মামুন। পরে প্রকাশ্যে ইফতার পাটি, ৭ মাঠ, শেখ মুজিবের জন্মদিন, ঈদ পুনর্মিলনী ও স্বাধীনতা দিবস পালন করেন দলের নেতাকর্মীরা। জাতীয় সংসদে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ থাকার বিল পাশ হওয়ার প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেন তারা। নগরীর প্রাণকেন্দ্র সদর রোডে দিেরে আলোয় হয় ওই মিছিল। কাশিপুর এলাকায় প্রকাশ্যে শোভাযাত্রা আর শত শত মানুষের সামনে লোকজন নিয়ে রেলস্টেশন বসে চা-নাড়া খান সাবেক ইউপি চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বিটন মোল্লা। ফেসবুর্ক লাইভে প্রচার করে এসব কর্মকাণ্ড করেন তিনি। জাতীয় দিবসগুলোর ক্ষেত্রে ওয়াড় পর্যায়ে পৃথক কর্মসূচি পালনের পর তার ভিডিও চিত্র পাঠিয়ে দেওয়া হয় গণমাধ্যমগুলোর কার্যালয়ে। পরে যাচাই করে মেলে এসব কর্মসূচি পালিত হওয়ার সত্যতা। কেবল কর্মসূচি পালনই নয়, বর্তমানে ভারতে আত্মপোষনে থাকা দলটির প্রভাবশালী কয়েকজন একটা ঘুরে যান বরিশালে। মহানগর আওয়ামী লীগের শিল্প ও বাণিজ্যবিষয়ক সম্পাদক নিরব হোসেন টুটুল বরিশালে এসে তার বাড়িতে রেজিষ্ট্রি কর্মকর্তাদের নিয়ে ব্রিক্টি জমির দলিল দিয়ে যান ক্রেতা পক্ষকে। এছাড়া নগরীর প্রধান প্রধান সড়ক ঘুরে নিজের উপস্থিতির জানান দিয়ে যান মহানগর শ্রমিক লীগের সাধারণ সম্পাদক রইজ আহমেদ মাল্লা। তারা দুজনই সাদিক আব্দুল্লাহর একান্ত কাছের মানুষ হিসাবে পরিচিত। নির্ভরযোগ্য সূত্রে পাওয়া বরনানুযায়ী, গত দুই মাসে বরিশালে আওয়ামী লীগের যত কর্মসূচি হয়েছে তার নেপথ্যে ছিলেন নিষিদ্ধ ছাত্রলীগের জেলা সাংগঠনিক সম্পাদক রাজীব হোসেন খান। সর্বশেষ ৪ এপ্রিল দুপুরে নগরীর সদর রোডে হওয়া বিক্ষোভ মিছিলের আয়োজক ছিলেন শ্রমিক লীগের মাল্লা। তারা দুজনই বর্তমানে রয়েছেন ভারতে। সেখান থেকেই বরিশালে কর্মসূচি পরিচালনা করাচ্ছেন। প্রকাশ্যে কর্মসূচি পালনের পাশাপাশি খুব গোপনে সাংগঠনিক কর্মকাণ্ডও চালাচ্ছে আওয়ামী লীগ। বর্তমানে পালিয়ে থাকা আওয়ামী আমলের ন্যূন্য এক দলৈ ঠিকাদার ও বরিশালে অবস্থান করা একজন আইনজীবী নেতার সহায়তায় চলছে সংগঠন গোষ্ঠানোর কার্যক্রম। এক্ষেত্রে বিএনপির কয়েকজন আইনজীবী নেতার সঙ্গে গোপন যোগাযোগে বিভিন্ন পর্যায়ে নেতাদের জামিন করাচ্ছেন ওই আওয়ামী আইনজীবী নেতা। রেলের সাবেক ঠিকাদার নেতা দিল্বেশ অধীর জোগান। নগরী় সেনোপলি আইসক্রিম এলাকায় থাকা শ্রমিক লীগের এক নেতার বাড়িতে প্রায়ই মিলিত হন কার্যক্রম নিষিদ্ধ সংগঠনটির নেতারা। করণীয় সম্পর্কে বৈঠক আর ভবিষ্যতের কর্মপন্থা নির্ধারণ হয় সেখানে। পরিচয় না প্রকাশের শর্তে আওয়ামী লীগের এক নেতা বলেন, ‘বর্তমানে বিশেষে পালিয়ে থাকা সাদিক আব্দুল্লাহর তত্ত্বাবধানে চলছে বরিশাল জেলা ও মহানগরের কর্মসূচি। দল করলেও যারা খুব একটা চেনা মুখ ছিলেন না বরিশালে তাদেরই মূলত নামানো হচ্ছে রাজপথে। তাছাড়া এখনো দলিের হাজার হাজার সক্রিয় নেতাকর্মী থাকলেও এ আগস্টের পর পালিয়েছেন সর্বোচ্চ ৮০-৯০ জন নেতা। বাকিরা এখনো আছেন নারীতে। তাদের দিয়েই চলছে দল সংগঠিত আর সক্রিয় রাখার কাজ। এখনো দলের আইনজীবী নেতা যারা ছিলেন তাদের প্রায় কেউই যানি আত্মপোষনে। প্রকাশ্যে না হলেও গোপনে দলকে সক্রিয় রাখার ক্ষেত্রে তারাও পালন করছেন গুরুত্বপূর্ণ ভূমিকা। যে কারণে বর্তমানে কারাগারে থাকা আওয়ামী লীগ নেতারাও খুব সহজেই

পাচ্ছেন সব রকম আইনি সহায়তা।’ প্রতিবার কর্মসূচি পালনের পর পুলিশ আওয়ামী লীগবিরোধী অভিযানে নামলেও ঠেকানো যাচ্ছে না কর্মসূচি। দু-একদিন পরপর মিছিলসহ নানা কর্মসূচিই যার বড় প্রমাণ। পুলিশের কাছ থেকে পাওয়া তথ্যে দেখা যায়, গত দুই সপ্তাহে গ্রেফতার হয়েছে অর্ধশতাধিক আওয়ামী লীগ নেতাকর্মী। যারা গ্রেফতার হয়েছেন তাদের প্রায় সবাই নিরীহ প্রকৃতির। কর্মসূচি শেষেই নিরাপদ আশ্রয়ে চলে যাচ্ছেন সক্রিয়রা। ফলে দিনশেষে কোনো কাজেই আসছে না এসব অভিযান। বিষয়টি সম্পর্কে আলাপকালে বরিশাল মহানগর বিএনপির আহ্বায়ক মনিরুজ্জামান ফারুক বলেন, ‘রষ্ট্রীয় সিদ্ধান্তে কার্যক্রম নিষিদ্ধ রয়েছে আওয়ামী লীগের। তারা কী করছে বা না করছে তা দেখার দায়িত্ব পুলিশের। আমরা কেন রাজপথে নেমে সংঘাত-সংঘর্ষ করব? প্রধানমন্ত্রী বলেছেন দেশে শান্তি বজায় রাখতে। দল থেকে কোনো সিদ্ধান্ত না আসা পর্যন্ত এ ব্যাপারে আমাদের কিছুই করার নেই।’ বরিশালের পুলিশ কমিশনার শফিকুল ইসলাম বলেন, ‘চোরের মতো হঠাৎ কয়েক সেকেন্ডের মিছিল করে পালিয়ে যাচ্ছে তারা। এগুলোকে তো রাজনৈতিক কর্মসূচি বলে না। তারপরও আমরা তাদের ঠেকাতে সক্ষম সবকিছু করছি। এমনো হয়েছে যে, মিছিল লোকালয়েও অভিযান চালিয়ে গ্রেফতার করা হয়েছে। সরকারিভাবে যেহেতু দলটি কার্যক্রম নিষিদ্ধ, তাই যে কোনোভাবেই হোক তাদের প্রতিরোধ আর আইনগত ব্যবস্থা নেব আমরা।’ কৃতজ্ঞতায: দৈনিক যুগান্তর

কলাপাড়ায় সাইনবোর্ড লাগিয়ে

যায়, উপজেলার বৌলতলী মৌজার ১৯৫ নম্বর এসএ খতিয়ানে মোট ২ একর ৬৪ শতাংশ জমির রেজিট্রি মালিক ছিলেন আব্দুল হাই চেয়ারম্যান। যাহা ভুক্তভোগী সরোয়ার খলিফা’র মা চাঁন ভানু ১৯৭২ সালে ১৯৩৫ নম্বর দলিলের মাধ্যমে ক্রয় করেন। পরবর্তীতে চাঁন ভানু তারার ক্রয়কৃত জমি থেকে ওয়ার্ডজের আলী প্যাদা, কাঞ্চন আলী বেপারী, কদম আলী বেপারী এবং সেকাদ্দার আলী বেপারীদের নিকট ১৯৭৭ সালে ১৮৮৯ নম্বর দলিলে ৬৪ শতাংশ জমি বিক্রয় করেন। পুনরায় তাদের কাছে ১৭৮৮ নম্বর দলিলে ২ একর জমি বিক্রয় করেন। পরবর্তীতে বিক্রয়কৃত ওই জমি হতে ২৭৩৭ নম্বর দলিলের মাধ্যমে ৮২৯ (পোনে তেরাশি) শতাংশ জমি চাঁন ভানু ক্রয় করেন। এরপর ওয়ার্ডজের আলী প্যাদা গৃহদের নিকট হতে চাঁন ভানুর ছেলে মো. সরোয়ার উদ্দিন ১৯৮৭ সালে ২৬৩৮ নম্বর দলিলের মাধ্যমে ১ একর ১৬৮৮ (পোনে সতের) শতাংশ জমি ক্রয় করেন। পুনরায় সরোয়ার উদ্দিন তাদের অবশিষ্ট ৬৬ (মোয়া ডিঘটি) শতাংশ জমি ৩৬১৭ নম্বর দলিলের মাধ্যমে ক্রয় করেন। এরপর চাঁন ভানুর ক্রয়কৃত ৮২৯ (পোনে তেরাশি) শতাংশ জমি আব্দুল মন্সান আকনের নিকটে বিক্রয় করেন। চাঁন ভানুর সন্তক জমি বিক্রয় করার পরেও ২০০৯ সালে ২৪৯৫ নম্বর দলিলের মাধ্যমে মোনোছেফ মুছুরীর নিকটে আবার ২ একর ৬৪ শতাংশ জমি বাড়ুতি বিক্রয় করেন। চাঁন ভানুর নামে জমি না থাকার পরেও বাড়ুতি বিক্রয়ের কারনে মোনোছেফ মুসুরী ওই সময়ে আদালতে একটি মামলা দায়ের করেন। ওই মামলার রায় মোনোছেফ মুসুরীর বিপক্ষে যায়। পরবর্তীতে মোনোছেফ মুছুরী ওই জমি খবির হাওলাদারের নিকটে বিক্রয় করেন। খবির হাওলাদারের নিকট থেকে বায়না সূত্রে মালিক হয়ে অভিযুক্ত বেলাল গংরা সাইনবোর্ড লাগিয়ে ওই জমি দখলে নেয়ার পাততারা চালাচ্ে। ভুক্তভোগী প্রবাসী সরোয়ার খলিফা মুঠো ফোনে জানান, তিনি দীর্ঘ বছর যাবৎ ওই জমি ভোগদখল করছেন। হঠাৎ করে কুচক্রি মহল তার জমিতে সাইনবোর্ড লাগিয়ে দরদরে একটি করছেন। তিনি এ ঘটনার সৃষ্ট বিচারের দাবী জানান। এবিষয়ে অভিযুক্ত বেলাল হাওলাদার বলেন, খবির হাওলাদারের নিকট থেকে বায়না করে জমিতে সাইনবোর্ড লাগিয়েছে। এ জমি নিয়ে মামলা চলমান রয়েছে। তবে, মামলার রায় তাদের পক্ষে না আসলে জমি ছেড়ে দিবেন বলে তিনি সাংবাদিকদের জানান।

এক বছরে বিশ্বজুড়ে

বছর, অর্থাৎ ২০২৪ সালে বিশ্বজুড়ে হেপাটাইটিস বি এবং সি-তে আক্রান্ত হইয়েছিলেন ১৮ লাখ মানুষ এবং এই আক্রান্তদের মধ্যে মৃত্যু হয়েছিল ১৩ লাখ ৪০ হাজার জনের। ২০২৫ সালে এক থেকে ৫ বছর বয়সী শিশুদের হেপাটাইটিসে আক্রান্ত হওয়ার হারও কমেছে। গ্লোবাল হেপাটাইটিস রিপোর্টের তথ্য অনুযায়ী, বর্তমানে এই হার ০ দশমিক ৬ শতাংশ। আগমী ২০৩০ সালের মধ্যে এ হার ০ দশমিক ৬ শতাংশে নেমে আসবে বলে আশা প্রকাশ করেছে গ্লোবাল হেপাটাইটিস রিপোর্ট। সেই তুলনায় মাত্র হেপাটাইটিস বি-তে আক্রান্তের হার ৩২ শতাংশ এবং সি-তে মৃত্যুর হার ১২ শতাংশ হ্রাস পাওয়াকে

দুমকিতে মোটরসাইকেল

